

কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকাণ্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৩৪. কোন দুধেল পশুর দুধ তার মালিকের অনুমতি ছাড়া দোহন করা

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَا يَحْلُبَنَّ أَحَدٌ مَّاشِيَةً أَحَدٍ إِلَّا بِإِذْنِهِ ، أَيُّحِبُّ أَحَدُكُمْ أَنْ تُؤْتَى مَشْرَبَتُهُ فَتُكْسَرَ خِزَانَتُهُ فَيُنْتَثَلَ أَوْ يُنْقَلَ طَعَامُهُ ، فَإِنَّمَا تَخْزَنُ لَهُمْ ضُرُوعُ مَوَاشِيهِمْ أَطْعِمْتَهُمْ ، فَلَا يَحْلُبَنَّ أَحَدٌ مَّاشِيَةً أَحَدٍ إِلَّا بِإِذْنِهِ

“তোমাদের কেউ যেন অন্য কারোর দুধেল পশুর দুধ তার অনুমতি ছাড়া দোহন না করে। তোমাদের কেউ কি তার নিজের ব্যাপারে এমন ঘটুক চায় যে, তার দুধেল পশুর ঘরে কেউ ঢুকে তার দুগ্ধভাণ্ডার ভেঙ্গে তার খাদ্য নিয়ে যাবে। কারণ, মানুষের দুধেল পশুর স্তনই তো তাদের খাদ্য সংরক্ষণ করে। অতএব তোমাদের কেউ যেন অন্য কারোর দুধেল পশুর দুধ তার অনুমতি ছাড়া দোহন না করে”।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ২৪৩৫ মুসলিম, হাদীস ১৭২৬ আবু দাউদ, হাদীস ২৬২৩ ইবনু মাজাহ, হাদীস ২৩৩২)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11384>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন